গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক

সচিবালয়ঃ বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্‌স

কার্যক্রম পরিচালনায়ঃ **BILS-Policy Support and Campaign for Workplace Safety & Livelihoods Security for Workers**

(শ্রমজীবী মানুষের জীবন ও জীবিকার নিরাপত্তার জন্য ক্যাম্পেইন)

সহযোগীতায় : মানুষের জন্য ফাউন্ডেশন

ভূমিকাঃ

দেশের সবচেয়ে অবহেলিত ও সুরক্ষা বঞ্চিত ১৪ লাখের ও বেশী গৃহশ্রমিকদের শ্রম আইনে অন্তর্ভুক্তির মাধ্যমে শ্রমিক হিসেবে স্বীকৃতি প্রদান সহ তাদের জন্য সংবিধান ও প্রচলিত শ্রম আইনে বর্ণিত সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় ট্রেড ইউনিয়ন ফেডারেশন ও মানবাধিকার সংগঠনসমূহের সমন্বয়ে গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক ২০০৬ সাল থেকে কাজ করে যাচ্ছে।

গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর উদ্যোগে জানুয়ারি ২০১৩ থেকে ডিসেম্বর ২০১৩ ইং পর্যন্ত যেসব কর্মসূচী পরিচালিত হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য কর্মসূচী নিম্নে তুলে ধরা হলোঃ

১. মানববন্ধন ও প্রতিবাদ সভাঃ

১.১ শিশু গৃহকর্মী শিউলি (১৭), জেরিন (১৫) ও ওয়ারীতে তামান্না (১৬) হত্যাকান্ডের সুষ্ঠু তদন্ত ও বিচার এবং নির্যাতনকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে মানববন্ধন ও প্রতিবাদ সভাঃ শিশু গৃহকর্মী শিউলি (১৭), জেরিন (১৫) ও ওয়ারীতে তামান্না (১৬) হত্যাকান্ডের সুষ্ঠ তদন্ত ও বিচার এবং নির্যাতনকারীদের দৃষ্টান্ত মূলক শাস্তির দাবীতে জাতীয় প্রেসক্লাবের সামনে মানব বন্ধন ও প্রতিবাদ সভা সম্পন্ন হয়।

১.২ সারাদেশে অব্যহত গৃহশ্রমিক নির্যাতন,হত্যা, ধর্ষণ, ও নির্যাতনের প্রতিবাদ এবং এই সকল ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচার এবং দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে ‘গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক’ আজ ২৩ জানুয়ারি জাতীয় প্রেসক্লাবের সামনে মানব বন্ধন কর্মসূচী পালন করেছে।বক্তাগণ উক্ত হত্যাকান্ড সমূহের সুষ্ঠু তদন্ত ও বিচার, দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি ও নিহত পরিবাদেরকে ক্ষতিপূরণ প্রদানের দাবী জানান। এছাড়া গৃহশ্রমিক সুরক্ষায় অবিলম্বে আইন প্রণয়ন এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্তকৃত “গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতিমালা ২০১০” দ্রুত অনুমোদনের জন্য সরকারের নিকট দাবী জানান। মানববন্ধনে স্থানীয় গৃহশ্রমিক, নাগরিক সমাজের প্রতিনিধি, বিভিন্ন শ্রমিক সংগঠনের নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন।

১.৩শিশু গৃহকর্মী আদুরী (১১) নির্যাতনের মামলা দ্রুত বিচার আইনে নিষ্পতি ও গৃহশ্রমিক নির্যাতনের সকল ঘটনার সুষ্ঠু বিচার ও দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে জাতীয় প্রেস ক্লাব এর সামনে মানববন্ধন কর্মসূচী।

ঢাকার পলবীতে শিশু গৃহকর্মী আদুরী (১১) কে নির্মম নির্যাতনের মামলাটি দ্রুত বিচার আইনে নিষ্পত্তি, নির্যাতনকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি, আদুরীর উন্নত চিকিৎসা ও তার পরিবারকে ক্ষতিপূরণ প্রদান নিশ্চিত করা সহ সারাদেশে গৃহশ্রমিকদের উপর অব্যাহত নির্যাতনের তীব্র প্রতিবাদ এবং গৃহশ্রমিক সুরক্ষায় অবিলম্বে আইন প্রণয়নের দাবীতে ০১ অক্টোবর ২০১৩ জাতীয় প্রেসক্লাবের সামনে গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক-এর উদ্যোগে এক মানব বন্ধন কর্মসূচী অনুষ্ঠিত হয়।

২. গৃহশ্রমিকদের অধিকার, দায়িত্ব-কর্তব্য ও জীবনমান উন্নয়ন শীর্ষক দুই দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মশালা:

গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর উদ্যোগে 'গৃহশ্রমিকদের অধিকার, দায়িত্ব-কর্তব্য ও জীবনমান উন্নয়ন' শীর্ষক দিনব্যাপী দুইটি প্রশিক্ষণ কর্মশালা গত ১৬ ও ১৭ মার্চ ২০১৩ বিল্স কার্যালয়, ধানমন্ডি, ঢাকায় অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের লক্ষ্য ছিল গৃহশ্রমিকদের আর্থ সামাজিক অবস্থা ও চাহিদা বিবেচনা করে তাদের আইনগত অধিকার ও জীবনমান উন্নয়ন নিশ্চিত করা। দুই দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মশালায় মোট অংশগ্রহণকারী ৫৫ (পঞ্চান্ন) জন, তন্মধ্যে ৫০ জন নারী এবং ০৫ জন পুরুষ।

৩. গৃহশ্রমিক অধিকার সংক্রান্ত সভা:

নেটওয়ার্ক-এর অন্তর্ভুক্ত বিভিন্ন ট্রেড ইউনিয়ন সংগঠন গৃহশ্রমিকদের অধিকার সংক্রান্ত সভার আয়োজন করে। জানুয়ারি ২০১৩ থেকে জুন ২০১৩ পর্যন্ত ঢাকা সিটি কর্পোরেশন এর ১০ টি এলাকায় মোট ৫০ টি সভা অনুষ্ঠিত হয়। সভাসমূহে মোট অংশগ্রহণকারী ছিলেন ১৪৩৭ জন এর মধ্যে ১৩৭৮ জন নারী ও ৫৯ জন পুরুষ ।

৪. গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর উদ্যোগে স্বাধীনতা দিবস, মহান মে দিবস, বিশ্ব শিশু শ্রম নিরসন দিবস এবং আন্তজার্তিক গৃহশ্রমিক দিবস উদযাপন:

৪.১”স্বাধীনতা আমারও,দেশ আমারও” মহান স্বাধীনতা দিবস ২০১৩ উপলক্ষে এলাকা পর্যায়ে গৃহশ্রমিক নির্যাতনের বিরুদ্ধে জনমত গড়ে তোলা এবং গৃহশ্রমিকদের জন্য আইন প্রণয়নের দাবীতে ২৯ মার্চ ২০১৩ শুক্রবার বিকেল সাড়ে চারটা থেকে সাড়ে ৫টা পর্যন্ত একই সময়ে **ঢাকার ৯টি এলাকায়** ট্রেড ইউনিয়ন ও মানবাধিকার সংগঠনসমূহের সমন্বিত প্লাটফরম গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর উদ্যোগে গৃহশ্রমিকদের অংশগ্রহণে “গৃহশ্রমিক র‍্যালী ও সমাবেশ” অনুষ্ঠিত হয়।

৪.২ গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর উদ্যোগে ”মহান মে দিবস ২০১৩” উদযাপন উপলক্ষে গৃহশ্রমিকদের র‍্যালী ও সমাবেশ :

মহান মে দিবসের ডাক গৃহশ্রমিকের অধিকার ও নিরাপত্তায় সোচ্চার হোন সক্রিয় হোন এই স্লোগান কে সামনে রেখে ১লা মে ২০১৩ সকাল ১০ ঘটিকায় সেগুনবাগিচা বটতলায় (শিল্পকলা একাডেমীর পূর্ব পার্শ্বে) গৃহশ্রমিক সমাবেশ আয়োজন করা হয়, যেখানে ঢাকা শহরের ১০টি এলাকা থেকে নেটওয়ার্কভুক্ত জাতীয় ট্রেড ইউনিয়ন ফেডারেশনসমূহের উদ্যোগে সংগঠিত পাঁচ শতাধিক গৃহশ্রমিক যোগদান করেন।

৪.৩“বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস ২০১৩” উদযাপন উপলক্ষে র‍্যালি, মানববন্ধন, আলোচনা সভা, খেলাধুলা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান:

“গৃহকর্মে শিশুশ্রমকে না বলুন” এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে “বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস” উপলক্ষে ১২ ই জুন ২০১৩ গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর উদ্যোগে গাজীপুরের টঙ্গীতে র‍্যালি, আলোচনা সভা, খেলাধুলা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান সহ দিনব্যাপী বিভিন্ন কর্মসূচী পালন করা হয়।

৪.৪ ‘আন্তর্জাতিক গৃহশ্রমিক দিবস ২০১৩’ উপলক্ষ্যে আলোচনা সভা ও মানববন্ধন:

‘আন্তজার্তিক গৃহশ্রমিক দিবস ২০১৩’ উপলক্ষে ১৬ জুন ২০১৩ গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর উদ্যোগে ও বাংলাদেশ লেবার ফেডারেশন এর আয়োজনে হাতিরঝিল, ঢাকায় অনুষ্ঠিত হয় আলোচনা সভা ও মানববন্ধন। মগবাজার, মীরবাগ ও রামপুরা এলাকার গৃহশ্রমিকগণ এই কর্মসূচীতে অংশগ্রহণ করে। স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও শ্রমিক নেতৃবৃন্দ অনুষ্ঠানে গৃহশ্রমিকদের দাবীর প্রতি সংহতি প্রকাশ করেন।

৫. ‘গৃহশ্রমিকদের জন্য শোভন কাজ’ শীর্ষক আইএলও কনভেনশন (নং ১৮৯) গ্রহণের দুই বছর পূর্তি উপলক্ষে সংবাদ সম্মেলন:

১৬ জুন ২০১৩ ‘গৃহশ্রমিকদের জন্য শোভন কাজ’ শীর্ষক আইএলও কনভেনশন (নং ১৮৯) গ্রহণের দুই বছর পূর্তি উপলক্ষে ১৫ জুন ২০১৩ গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর পক্ষ থেকে বিল্‌স কার্যালয়ে এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। উল্লেখ্য যে, ২০১২ সাল থেকে ১৬ জুন দিবসটি বাংলাদেশ সহ বিশ্বব্যাপী ‘আন্তর্জাতিক গৃহশ্রমিক দিবস’ হিসেবে পালন করা হয়।